রাজশাহী ক্যাডেট কলেজ
সারদা, রাজশাহী
তারালাপনী ঃ ০২৫৮৮৮-৭৯০৭৫
ফ্যাক্স নম্বর ঃ ০২৫৮৮৮-৭৯০৮০
ই-মেইল ঃ rcc.adjt@army.mil.bd

২৭ বৈশাখ ১৪২৯

২৩.০১.৯১১.৭৫৭.০১.০০৫.০০.০১.০১.২২ /৫৭৬ ১০ মে ২০২২

ক্যাডেট কলেজে ২০২২ সালে ৭ম শ্রেণিতে ভর্তি সংক্রান্ত নির্দেশাবলী (৫৯তম ব্যাচ)

১। আপনার পুত্র/পোষ্য ক্যাডেট কলেজে ২০২২ সালে ৭ম শ্রেণিতে ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত হয়েছে। ভর্তি পরীক্ষায় সাফল্যের জন্য তাকে আন্তরিকভাবে অভিনন্দন জানাচ্ছি।

২। আগামী ২১ মে ২০২২ হতে ৩১ মে ২০২২ তারিখের মধ্যে (সরকারি ছুটি ব্যতীত) অফিস চলাকালীন ০৮০০ ঘটিকা হতে ১৪০০ ঘটিকা পর্যন্ত নিম্নোল্লিখিত কাগজপত্র ও সংযুক্ত ক্রোড়পত্রসমূহ যথাযথভাবে পূরণ করতঃ অত্র কলেজে উপস্থিত হয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো ঃ

(১) ৩০০.০০ টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পের উপরে লিখিত অঙ্গীকারপত্র (অঙ্গীকারপত্রের নমুনা ক্রোড়পত্র-ক)।
(২) ক্যাডেটের ব্যক্তিগত তথ্যাবলী (ক্রোড়পত্র -খ)।
(৩) পিতা/অভিভাবকের মাসিক আয়ের প্রত্যয়নপত্র (ক্রোড়পত্র - গ)।
(৪) জরুরী চিকিৎসা/অপারেশনের জন্য কলেজ কর্তৃপক্ষকে বন্ড স্বাক্ষরের প্রাধিকার (ক্রোড়পত্র - ঘ)।
(৫) পরিবার নিরাপত্তা প্রকল্পের মনোনয়নপত্র (ক্রোড়পত্র - ঙ)।
(৬) অবকাশে ক্যাডেটদের গৃহে গমনের প্রত্যয়নপত্র (ক্রোড়পত্র - চ)।
(৭) সশস্ত্র বাহিনীর কর্মকর্তা/কর্মচারীদের বিবরণ (ক্রোড়পত্র-ছ) - (প্রযোজ্য হলে)।
(৮) পূর্বতন বিদ্যালয় হতে জন্ম তারিখ উল্লেখ পূর্বক ছাড়পত্র এবং জন্ম নিবন্ধন সনদপত্র।
(৯) প্রাথমিক সমাপনী পরীক্ষা পাশের সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
(১০) ক্যাডেটের পাসপোর্ট সাইজ এবং স্ট্যাম্প সাইজের রঙিন ছবি ০৪ (চার) কপি করে।
(১১) পিতা ও মাতা উভয়ের পাসপোর্ট সাইজ এবং স্ট্যাম্প সাইজ ছবি ০২ কপি করে।
(১২) পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
(১৩) প্রতিষেধক টিকার প্রমাণপত্র/সনদপত্র।
(১৪) চোখের দৃষ্টির সনদপত্র।
(১৫) রক্তের গ্রুপের সনদপত্র।
(১৬) হেপাটাইটিস বি ভ্যাকসিনের প্রমাণপত্র/টেস্টের রিপোর্ট।
(১৭) কোভিড-১৯ টিকার সনদপত্র।

৩। আপনার পুত্র/পোষ্যকে সরকারী পোশাক প্রদানের নিমিত্তে ভর্তি চলাকালীন পোশাকের পরিমাপ গ্রহণের জন্য অবশ্যই সঙ্গে আনতে হবে। উল্লেখ্য যে, ভর্তি সংক্রান্ত তথ্যাবলী জানার জন্য রাজশাহী ক্যাডেট কলেজের সহকারী অধ্যাপক **মিস আফরিন ফারহানা নাসিদ (মোবাইল নম্বর ০১৭১২৯৩৩৫২৪)** এর সাথে যোগাযোগ করা যেতে পারে। আর্থিক বিষয় সংক্রান্ত তথ্য জানার জন্য অত্র কলেজের হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব মোঃ তৌহিদুল ইসলাম (মোবাইল নম্বর ০১৭৫১৭৩৯৫৩০) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

৪। আপনার পুত্র/পোষ্যকে কলেজে যোগদানের সময় নিজ ব্যবস্থাপনায় নিম্নবর্ণিত দ্রব্য সামগ্রী সঙ্গে আনার জন্য অনুরোধ করা হলো ঃ

(১)	সাদা সুতি গেঞ্জি (স্যান্ডো)	- ০৪ টি
(২)	সাদা সুতি আন্ডার অয়্যার (জাংগিয়া)	- ০৪ টি
(৩)	কালো চামড়ার স্যান্ডেল সু (বেল্ট সিস্টেম)	- ০১ জোড়া
(৪)	স্পঞ্জ স্যান্ডেল/চপ্পল	- ০১ জোড়া
(৫)	কালো চামড়ার জুতা (এ্যাপেক্স ব্র্যান্ড -অক্সফোর্ড টাইপ), মডেল নং-৯১১১৬A৬৫	- ০২ জোড়া
(৬)	কালো মোজা ১০০% নাইলন	- ০৪ জোড়া
(৭)	পিটি কেডস (লোটো ব্র্যান্ড-মডেল নং- ৮৩০০২৪৪)	- ০২ জোড়া
(৮)	সাদা মোজা ১০০% নাইলন	- ০৪ জোড়া
(৯)	তালা ও চাবি ছোট সাইজ	- ০৩ টি
(১০)	জ্যামিতি বক্স	- ০১ টি
(১১)	কলম (বলপেন)	- ০৬ টি
(১২)	পেন্সিল	- ০৬ টি
(১৩)	টি টি ওয়েল প্যাস্টেল রং (কমপক্ষে ৩৬ পিসের সেট)	- ০১ সেট
(১৪)	জুতার কালি, জুতার ব্রাশ, হ্যাংগার (০৬ টা), গায়ে মাখার ও কাপড় কাচার সাবান, সাবান দানি, টুথপেস্ট, টুথ ব্রাশ, আয়না, চিরুনী, মাথার তেল, সুঁই-সুতা, খাকী ও সাদা বোতাম, সাদা ও কালো অতিরিক্ত জুতার ফিতা, চাবির রিং এবং নেইল কাটার ইত্যাদি।	
(১৫)	সাদা কটন টেট্রন (৩৫%×৬৫%) কাপড়ের ফুল হাতা টাই কলার শার্ট (বুকের বাম পাশে একটি ঢাকনা ছাড়া পকেট)	- ০২ টি
(১৬)	সাদা কটন টেট্রন কাপড়ের ফুল প্যান্ট - লুপছাড়া ০২টি টেকেন	- ০২ টি
(১৭)	কালো কটন টেট্রন কাপড়ের ফুল প্যান্ট - লুপসহ (ডান পাশে ঢাকনা ছাড়া একটি হিপ পকেট)	- ০২ টি
(১৮)	নেভী ব্লু পলিস্টার কাপড়ের হাফ প্যান্ট - লুপ ছাড়া (হাঁটুর উপর পর্যন্ত, লুজ ফিটিং)	- ০২ টি
(১৯)	সাদা ৩৫% × ৬৫% টেট্রন কাপড়ের পাজামা ও পাঞ্জাবী (কলারযুক্ত) - নকশা ছাড়া	- ০২ সেট
(২০)	সাদা ৩৫% × ৬৫% টেট্রন কাপড়ের হাফশার্ট (বকরমসহ বামপার্শ্বে ঢাকনা ছাড়া পকেট)	- ০২ টি

নোটঃ ক্রমিক ১৫-২০ পর্যন্ত পোশাক সামগ্রী কলেজ কর্তৃক নিযুক্ত পোশাক ঠিকাদারের নিকট হতে মূল্যের বিনিময়ে তৈরি করে নেয়ার সুযোগ রয়েছে। ভর্তি কার্যক্রম সম্পন্নের দিন উক্ত পোশাক ঠিকাদার কলেজে উপস্থিত থাকবেন। ভর্তি কার্যক্রম সম্পন্নের দিন কলেজে সশরীরে উপস্থিত হয়ে আপনার সন্তানের জন্য কাপড়ের মাপ দিতে হবে।

Scanned with CamScanner

৫। নিম্নবর্ণিত দ্রব্যাদি মূল্যের বিনিময়ে কলেজ হতে সরবরাহ করা হবে ঃ

(১)	তোয়ালে (জেমিনি-৬০˝×৩০˝)	-	০২ টি×৫৫০.০০	= ১,১০০.০০ টাকা
(২)	নেম ট্যাগ (প্লাস্টিক)	-	০২ টি×৫০.০০	= ১০০.০০ টাকা
(৩)	নেম ট্যাগ (মেটাল)	-	০২ টি×১৫০.০০	= ৩০০.০০ টাকা
(৪)	সাদা রুমাল (কটন-১৬˝×১৮˝)	-	০৪ টি×৫০.০০	= ২০০.০০ টাকা
(৫)	সাদা নামাজের টুপি (গোল)	-	০১ টি×৫০.০০	= ৫০.০০ টাকা
(৬)	আইডি কার্ড	-	০১ টি×১৪০.০০	= ১৪০.০০ টাকা
(৭)	ট্রাভেল ব্যাগ (নমুনা মোতাবেক)	-	০১ টি×৯০০.০০	= ৯০০.০০ টাকা
(৮)	সাচেল/স্কুল ব্যাগ (নমুনা মোতাবেক)	-	০১ টি×৫৩৫.০০	= ৫৩৫.০০ টাকা
(৯)	ট্র্যাকস্যুট (নমুনা মোতাবেক)	-	০১ টি×১,১৫০.০০	= ১,১৫০.০০ টাকা
(১০)	টপার ওয়্যার (পানির পট)	-	০১ টি×৫৭৫.০০	= ৫৭৫.০০ টাকা
(১১)	বেডশীট (বালিশের কভারসহ প্রিন্টের)	-	০২ সেট×৪৯৫.০০	= ৯৯০.০০ টাকা
(১২)	শয়ন পোশাক (আকাশী নীল) সুতী কাপড়ের (০১ সেট ফুলহাতা ও ০১ সেট হাফহাতা)	-	০২ সেট×৬৫০.০০	= ১,৩০০.০০ টাকা
(১৩)	কম্বলের কভার	-	০১ টি×৫০০.০০	= ৫০০.০০ টাকা
	মোট			= ৭,৮৪০.০০টাকা

৬। প্রয়োজনীয় স্টেশনারী দ্রব্যাদি এবং অন্যান্য পুস্তকাদি কলেজ কর্তৃপক্ষ নিম্নে উল্লিখিত পরিমাণে সরবরাহ করবে ঃ

(১) পাঠ্যপুস্তক কলেজ কর্তৃক সরবরাহ করা হবে।
(২) প্রতি বৎসর ৫০ পাতার ১৪ টি করে খাতা।
(৩) সকল প্রকার পরীক্ষার জন্য প্রয়োজনীয় কাগজ/খাতা/আর্ট পেপার ইত্যাদি।

৭। বিশেষ নির্দেশনা ঃ

ক। মোবাইল ফোন, পেন ড্রাইভ, এমপি থ্রি প্লেয়ার ইত্যাদি যন্ত্র, ক্যামেরা, ট্রানজিস্টার, রেকর্ড প্লেয়ার, ওয়াকম্যান, ঘড়ি, দামী কলম, আংটি অথবা কোন দামী জিনিস এবং বাজারের নোট বই/গাইড সংগে আনা নিষেধ।

খ। উল্লিখিত পরিমাণের বেশি স্টেশনারী দ্রব্য কোন ক্যাডেটের প্রয়োজন হলে কলেজ ক্যান্টিন হতে ক্রয় করতে পারবে।

গ। আপনার পুত্র/পোষ্যকে কলেজে প্রেরণের পূর্বে হেপাটাইটিস-বি, টাইফয়েড এবং ধনুষ্টংকার প্রতিষেধক টিকা দিতে হবে।

(১) হেপাটাইটিস-বি, টাইফয়েড এবং ধনুষ্টংকার প্রতিষেধক টিকা দেওয়া থাকলেঃ টিকাদানকারী কেন্দ্র অথবা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দেওয়া সনদপত্র/প্রমাণপত্র জমা দিতে হবে।

(২) জন্ডিস প্রতিষেধক হেপাটাইটিস-বি ভ্যাকসিন দেওয়া না থাকলেঃ কলেজে যোগদানের পর কলেজ ব্যবস্থাপনায় ক্যাডেটদের ১৩০০/- টাকা মূল্যের বিনিময়ে দেয়া যাবে (রেফারেন্স ১০ নং অনুচ্ছেদের জ বর্ণিত (৯) কলামে প্রদত্ত টাকা (৩ ডোজ বাবদ)। তবে HBsAg রক্ত পরীক্ষা করে সনদপত্র জমা দিতে হবে।

ঘ। আপনার পুত্র/পোষ্য যদি কোন চর্মরোগে আক্রান্ত হয়ে থাকে তাহলে তাকে ক্যাডেট কলেজে পাঠাবার পূর্বে চিকিৎসা করে সম্পূর্ণ সুস্থ অবস্থায় প্রেরণ করতে হবে।

৮। যোগদান পূর্ববর্তী প্রস্তুতি/করণীয় ঃ বাড়িতে আপনার পুত্রকে ৭ম শ্রেণির সিলেবাস অনুযায়ী প্রস্তুতি নিতে হবে যাতে সে ক্যাডেট কলেজে এসে এখানকার লেখাপড়ার সাথে সংগতি রক্ষা করে চলতে পারে। এখানে তার অবস্থান নির্ভর করবে সুন্দর আচার-আচরণ এবং লেখাপড়ার সন্তোষজনক অগ্রগতির উপর। **এছাড়াও ভর্তি পূর্ববর্তী সময়ে তার ইংরেজি কথোপকথোন এবং সাঁতার পারদর্শিতার উপর বিশেষ উদ্যোগ গ্রহণের জোর পরামর্শ দেয়া হলো।**

৯। ক্যাডেট টিউশন ফি ঃ সরকার ধার্যকৃত ক্যাডেট কলেজের ক্যাডেটদের বেতনের নীতিমালা এবং অভিভাবকের আয়ের উপর সামঞ্জস্য রেখে টিউশন ফি নির্ধারণ করা হবে। টিউশন ফি বাবদ ধার্যকৃত পরিমাণ আপনাদেরকে অতিশীঘ্রই ফোন কলের মাধ্যমে অবগত করা হবে। টিউশন ফি প্রতি মাসে অগ্রিম পরিশোধ করতে হবে (উদাহরণ স্বরূপ বলা যেতে পারে যে, জুলাই মাসের টিউশন ফি জুন মাসের ১৫ তারিখের মধ্যে পরিশোধ করতে হবে। এভাবে প্রতি মাসের টিউশন ফি অগ্রিম পরিশোধ করতে হবে। কেউ ইচ্ছা করলে ত্রৈমাসিক বা বাৎসরিক এককালীন কিস্তিতে টিউশন ফি অগ্রিম পরিশোধ করতে পারবেন (যেমনঃ জুলাই-সেপ্টেম্বর ১ম কিস্তি, অক্টোবর-ডিসেম্বর ২য় কিস্তি, জানুয়ারি-মার্চ ৩য় কিস্তি, এপ্রিল-জুন ৪র্থ কিস্তি। সেক্ষেত্রে ১ম কিস্তির টাকা ১৫ জুন, ২য় কিস্তির টাকা ১৫ সেপ্টেম্বর, ৩য় কিস্তির টাকা ১৫ ডিসেম্বর এবং ৪র্থ কিস্তির টাকা ১৫ মার্চ এর পূর্বে পরিশোধ করতে হবে)।

১০। ক্যাডেট কলেজের পাওনাদি পরিশোধের নিয়ম-কানুন ঃ ক্যাডেট কলেজের পাওনাদি পরিশোধের ব্যাপারে নিম্নলিখিত নিয়ম-কানুন অত্যন্ত কড়াকড়িভাবে অনুসরণ করা হয় ঃ

ক। নির্ধারিত সময়ের মধ্যে কলেজ ফি পরিশোধ করতে ব্যর্থ হলে উক্ত ফি পরিশোধে বিলম্বের জন্য পুনঃ ভর্তি ফি জরিমানা হিসেবে ৪০০.০০ (চারশত) টাকা এবং বিলম্ব সময়ের প্রত্যেক দিনের জন্য ২০.০০ (বিশ) টাকা হারে জরিমানা পরিশোধ করতে হবে।

খ। যদি কোন অভিভাবক নির্ধারিত সময়ের মধ্যে তার পুত্রের কলেজ ফি পরিশোধ করতে ব্যর্থ হন তাহলে কলেজ হতে তাকে লিখিতভাবে কোন নির্দিষ্ট তারিখের মধ্যে কলেজ ফি (জরিমানাসহ) পরিশোধ করার জন্য জানিয়ে দেয়া হবে। পত্রে উল্লিখিত তারিখের মধ্যে যদি কোন অভিভাবক কলেজ ফি পরিশোধ করতে ব্যর্থ হন তাহলে তাকে দ্বিতীয়বার পত্র দ্বারা এই মর্মে সতর্ক করা হবে যে, যদি কলেজ কর্তৃক নির্ধারিত তারিখের মধ্যে ফি পরিশোধ করতে ব্যর্থ হন তাহলে তার পুত্রকে কলেজ হতে প্রত্যাহার করা হবে। কলেজ কর্তৃপক্ষ সংশ্লিষ্ট অভিভাবকের নিকট হতে পূর্ণ ক্ষতিপূরণ আদায় সাপেক্ষে ছাড়পত্র প্রদান করবেন।

গ। কলেজ ফি'র অর্থ ''কলেজ ফি ফান্ড'' এর অনুকূলে **সোনালী ব্যাংক লিমিটেড, রাজশাহী ক্যাডেট কলেজ** শাখার হিসাব নং-৪৬১৮৫৩৩০০১৩৩২ এ অনলাইনের মাধ্যমে পাঠাতে হবে। টাকা জমা দেয়ার কস্ট মেমো অবশ্যই কলেজের হিসাব শাখায় জমা দিতে হবে।

Scanned with CamScanner

ঘ। **জামানত বাবদ অর্থ ঃ** ক্যাডেট যখন কলেজে ভর্তি হবে তখন ক্যাডেট কলেজের কলেজ ফিস ছাড়াও **২৫,০০০.০০ (পঁচিশ হাজার)** টাকা জামানত বাবদ প্রদান করতে হবে। এই অর্থ আপনার পুত্রের নামে জমা থাকবে এবং সে যদি কলেজ সম্পদ নষ্ট করে বা হারিয়ে ফেলে তাহলে ক্ষতিপূরণ বাবদ প্রয়োজনীয় অর্থ উক্ত জমা টাকা হতে কর্তন করা হবে। এক্ষেত্রে আপনাকে পুনরায় ঐ পরিমাণ অর্থ জামানত স্বরূপ প্রদান করতে হবে, যা আপনার পুত্রের কলেজ পরিত্যাগ করার সময় ফেরত দেয়া হবে।

ঙ। **পকেটমানি ঃ** প্রতি পর্বে (বছরে ৩ পর্ব) পকেট মানি বাবদ **২,০০০.০০ (দুই হাজার)** টাকা পাঠাতে হবে। ভর্তির পরপরই ক্যাডেটের নামে আলাদা হিসাব খোলা হবে। স্মরণ রাখবেন যে, পকেট মানির টাকার সংগে কলেজ ফি'র কোন সংশ্রব নাই। এই টাকা ক্যাডেটের হিসাব নম্বরে অনলাইনের মাধ্যমে প্রেরণ করতে হবে। পকেট মানির টাকা ক্যাডেটের নিজ নামে ব্যাংকে সঞ্চয়ী হিসাব নম্বরে জমা রাখা হয়। এই হিসাবে যদি পর্যাপ্ত পরিমাণ টাকা না থাকে তবে ব্যক্তিগত প্রয়োজনের সময় ক্যাডেটকে অসুবিধার সম্মুখীন হতে হয়। প্রকাশ থাকে যে, ক্যাডেটের যাবতীয় খরচ কলেজের নিয়ন্ত্রণাধীন। কোন ক্যাডেট নগদ টাকা সংগে রাখতে পারবে না এবং এ রকম কোন অর্থ তাকে পাঠানো যাবে না।

চ। **যাতায়াত খরচ ঃ** ক্যাডেটের বাড়ি হতে কলেজে আসা এবং কলেজ হতে বাড়ি যাবার যাতায়াত খরচ অভিভাবককে আলাদাভাবে বহন করতে হবে। উক্ত অর্থ ক্যাডেটের পকেট মানি হতে কেটে নেয়া হবে অথবা অভিভাবককে আলাদাভাবে কলেজ কর্তৃপক্ষের নিকট টাকা পাঠাতে হবে।

ছ। **চিকিৎসা ঃ** সাধারণ রোগের জন্য চিকিৎসা বিনামূল্যে কলেজ হাসপাতালে করা হবে। বিশেষ ধরণের অথবা জটিল চিকিৎসার জন্য সেনানিবাস হাসপাতালে (সম্মিলিত সামরিক হাসপাতালে) চিকিৎসা করানো হবে। উল্লিখিত স্থানের বাইরে যাবতীয় খরচ অভিভাবককে বহন করতে হবে।

জ। হাউসের লকার সাজ-সজ্জাকরণ ও ব্যাংকে হিসাব খোলা বাবদ ১,০০০.০০ টাকা নগদ জমা দিতে হবে।

ঝ। **ভর্তিকালীন আর্থিক সংশ্লেষ নিম্নরুপ ঃ**

ক্র/নং	বিবরণ	টাকার পরিমাণ	মন্তব্য
১।	জুন, জুলাই ও আগস্ট ২০২২ মাসের কলেজ ফি	....	College Fee Fund A/C No. 4618533001332 - এ জমা দিতে হবে।
২।	জামানত অর্থ (কশান মানি) (এককালীন)	২৫,০০০.০০	Caution Money Fund A/C No.4618534018747 - এ জমা দিতে হবে।
৩।	ম্যাগাজিন ফান্ড বাবদ (বাৎসরিক দেয়)	৩০০.০০	Private Fund A/C No.4618534019002 - এ জমা দিতে হবে।
৪।	কলেজ ক্রেস্ট ফান্ড বাবদ (বাৎসরিক দেয়)	৮০.০০	
৫।	পরিবার নিরাপত্তা প্রকল্প বাবদ (বাৎসরিক দেয়)	৪৫০.০০	
৬।	পুনর্মিলনী চাঁদা বাবদ (বাৎসরিক দেয়)	১২০.০০	ORCA Reunion Fund A/C No. 4618534003261 - এ জমা দিতে হবে।
৭।	কলেজ হতে মূল্যের বিনিময়ে বিভিন্ন দ্রব্যাদি সরবরাহ বাবদ	৭,৮৪০.০০	Cadet Goods Fund A/C No.4618534006363 - এ জমা দিতে হবে।
৮।	হেপাটাইটিস বি ভ্যাকসিন বাবদ (যদি ভ্যাকসিন দেয়া না থাকে)	১,৩০০.০০	
৯।	অভ্যন্তরীণ পরীক্ষার ফি (জুন-ডিসেম্বর ২০২২) প্রতিমাসে ২০০.০০ টাকা হারে	১,৪০০.০০	Internal Exam Fund A/C No. 4618534010852 - এ জমা দিতে হবে।
১০।	রেড ক্রিসেন্ট ফি (বাৎসরিক দেয়)	১৫.০০	
১১।	পকেট মানি (প্রতি পর্বে, বৎসরে ৩ বার দেয়)	২,০০০.০০	ভর্তির সময় নগদ জমা দিতে হবে। পরবর্তীতে ক্যাডেটের ব্যাংক হিসাবে জমা দিতে হবে।
১২।	হাউসের লকার সাজ-সজ্জাকরণ ও ব্যাংকে হিসাব খোলা বাবদ (এককালীন)	১,০০০.০০	নগদ জমা দিতে হবে।

নোট ঃ প্রত্যেক অভিভাবকের নির্দিষ্ট আয়ের উপর ক্যাডেট কলেজ কাউন্সিল কর্তৃক প্রণীত নীতিমালা অনুযায়ী **'কলেজ ফি'** নির্ধারণ করা হবে। আপনার পুত্র/পোষ্যের নির্ধারিত কলেজ ফি এর বিষয়ে জানার জন্য কলেজ হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব মোঃ তৌহিদুল ইসলাম (মোবাইল নম্বর ০১৭৫১৭৩৯৫৩০) এর সাথে যোগাযোগ করতে অনুরোধ করা হলো।

১১। বিষয়টি আপনাদের অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য জানানো হলো।

মোঃ হাফিজুর রহমান আফরাদ
ক্যাপ্টেন, বিএন
অধ্যক্ষ

বিতরণ ঃ
বহির্গমন ঃ
কার্যক্রম ঃ

সকল অভিভাবকবৃন্দ- ৫৯তম ব্যাচ

Scanned with CamScanner